

ইউসেপ বাংলাদেশ

ইউসেপ ট্রেনিং ইন্সটিটিউট (ইউটিআই), সিলেট এর ভবন সহ জমি বিক্রয়ের দরপত্রের সিডিউল ও শর্তাবলী

ইউসেপ বাংলাদেশ পরিচালিত ইউসেপ ট্রেনিং ইন্সটিটিউট (ইউটিআই), সিলেট এর সাত তলা বিল্ডিং সহ ২০.০০ শতাংশ জমি (হোল্ডিং নং: ১২৮০-০১, মৌজা নং: সাদিপুর প্রথম খন্ড, গোপাল টিলা, টিলাগড়, সিলেট সদর, সিলেট-৩১০০) উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রয় করা হবে। এটি ক্রয়ে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তাবলী মেনে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১. আগ্রহী ক্রেতাগণকে দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে

(ক) ব্যক্তিগতভাবে আগ্রহী ক্রেতাকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং টি.আই.এন. সার্টিফিকেটের ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রে আগ্রহী ক্রেতাকে বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র, হালনাগাদ ট্যাক্স রিটার্ন ডকুমেন্ট এর ফটোকপি দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে

২. সিডিউল ক্রয়, আর্নেস্ট মানি জমাদান ও পেমেন্টের ধরণ :

(ক) আগ্রহী ক্রেতাগণকে দরপত্রে অংশগ্রহণ করার জন্য নগদ ৩০০০.০০ (তিন হাজার) টাকার বিনিময়ে সিডিউল ক্রয় করতে হবে যাহা ইউসেপ বাংলাদেশ এর প্রধান কার্যালয়ের প্রশাসনিক বিভাগ থেকে অথবা ইউসেপ সিলেট আঞ্চলিক কার্যালয়, বটেশ্বর, সিলেট থেকে আগামী ১৩-১১-২০২৩ ইং থেকে ২৬-১১-২০২৩ পর্যন্ত প্রতি অফিস কর্মদিবসে ক্রয় করতে পারবেন।

(খ) আগ্রহীগণকে উদ্ধৃত মূল্যের উপর ২.৫% আর্নেস্ট মানি ইউসেপ বাংলাদেশ এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ক্রয়কৃত পে-অর্ডারের/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।

(গ) সফল ক্রেতাকে অবশিষ্ট টাকা ইউসেপ বাংলাদেশ এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ক্রয়কৃত পে-অর্ডারের/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে যথাসময়ে জমা দিতে হবে।

৩. দরপত্র দাখিলের নিয়মাবলী:

(ক) আগ্রহী ক্রেতা সাধারণ আগামী ১৩-১১-২০২৩ ইং থেকে ২৭-১১-২০২৩ ইং তারিখ পর্যন্ত প্রতি কর্মদিবসে (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত) অফিস সময়ে ইউসেপ বাংলাদেশ এর প্রধান কার্যালয়, প্লট নং: ২৩৩, মিরপুর-২, ঢাকা-১২১৬ অথবা ইউসেপ সিলেট আঞ্চলিক কার্যালয়, বটেশ্বর, সিলেট এ দরপত্র জমা দেওয়া যাবে এবং দরপত্র ২৭-১১-২০২৩ ইং তারিখ রোজ সোমবার বিকাল ০৪:৩০ ঘটিকায় উন্মুক্ত করা হবে।

(খ) দরপত্র পেশের পূর্বে আগ্রহী ক্রেতাগণকে অবশ্যই ইউসেপ টেনিং ইসটিটিউট (ইউটিআই), সিলেট ভবন ও জমি পরিদর্শন করতে হবে। ভবন পরিদর্শনের জন্য আগ্রহী ক্রেতাকে জনাব মো: কাইয়ুম মোল্লা, মোবাইল: ০১৭৫২৯৮৯২৫৭, আঞ্চলিক ব্যবস্থাপক, ইউসেপ সিলেট অঞ্চল, বটেশ্বর, সিলেট এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(ঘ) আগ্রহী দরদাতাকে জমি এবং ভবনের জন্য পৃথক ভাবে মূল্য উল্লেখ করতে হবে। ভবনটির ভিতরে এবং বাহিরে বিদ্যমান সকল ফার্নিচার, আসবাবপত্র ও মালামাল (লিফট ও ফলস সিলিং ব্যতীত) এ টেন্ডারের আওতামুক্ত থাকবে। সফল ক্রেতা কোনভাবেই এ সকল মালামালের দাবী করতে পারবেন না। এ টেন্ডারের মাধ্যমে শুধুমাত্র ভবন ও জমি বিক্রয় করা হবে। এসকল মালামালের ক্ষেত্রে কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(ঙ) দরপত্র দাখিলের সময় সিডিউল ক্রয়ের মূল রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৪. অন্যান্য শর্তবলী:

(ক) সর্বোচ্চ দরদাতার কাছে ইউসেপ বাংলাদেশ উক্ত প্রতিষ্ঠানটি বিক্রয় করতে বাধ্য নহে।

(খ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা ইউসেপ বাংলাদেশ সংরক্ষণ করে।

৫. ভবন ও জমি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) ৭ তলা বিশিষ্ট ভবনের আর্কিটেকচারাল ও স্ট্যাকচারাল ড্রয়িং সমূহ

(খ) জমি সংক্রান্ত তথ্যাদি সমূহ



ইউসেপ বাংলাদেশ

ইউসেপ ট্রেনিং ইন্সটিটিউট (ইউটিআই), সিলেট
ভবন ও জমিক্রয়ের জন্য আর্থিক প্রস্তাবনা

ক্রমিক নং	জমি ক্রয়ের জন্য আর্থিক প্রস্তাবনা (টাকা)	ভবন ক্রয়ের জন্য আর্থিক প্রস্তাবনা (টাকা)	মোটমূল্য (টাকা)

কথায় :

ক্রেতার স্বাক্ষর:

ক্রেতার নাম ও ঠিকানা:

মোবাইল নং:

ই-মেইল:

৯৫

CAF